

## ■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৯৬২

৭৭/ পোশাক (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৭৭/১৬. ছবি নির্মাতাকে যিনি অভিশাপ করেছেন।

بَابِ مَنْ لَعَنَ الْمُصَوِّرَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَّنِّي، قَالَ حَدَّثَنِي غُنْدَرُ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَوْنَ بْنِ أَبِي جُحَيْفَةَ، عَنْ أَبِيهِ، أَنَّهُ أَشْتَرَى غُلَامًا حَجَّامًا فَقَالَ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ ثَمَنِ الدِّمْ  
وَثَمَنِ الْكَلْبِ، وَكَسْبِ الْبَغْيِ، وَلَعْنَ آكِلِ الرِّبَا وَمُوْكِلِهِ وَالْوَاسِمَةِ وَالْمُسْتَوْشِمَةِ  
وَالْمُصَوِّرَ.

বাংলা

৫৯৬২. আবু জুহাইফাহ (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রক্তের মূল্য, কুকুরের মূল্য ও  
যিনাকারীর উপার্জন গ্রহণ করতে নিষেধ করেছেন। আর তিনি সুদ গ্রহীতা, সুদদাতা, অঙ্গ-প্রত্যঙ্গে উক্তি অঙ্গকারী  
আর যে তা করায় এবং ছবি নির্মাতাকে অভিশাপ করেছেন। [২০৮৬] (আধুনিক প্রকাশনী- ৫৫২৯, ইসলামিক  
ফাউন্ডেশন- ৫৪২৪)

## English

Narrated Abu Juhaifa:

that he had bought a slave whose profession was cupping. The Prophet (ﷺ)  
forbade taking the price of blood and the price of a dog and the earnings of  
a prostitute, and cursed the one who took or gave (Riba') usury, and the lady  
who tattooed others or got herself tattooed, and the picture-maker.

হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

- ১। মুসলিম ব্যক্তির প্রতি একটি অপরিহার্য কর্তব্য হলো এই যে, সে যেন সদা সর্বদা নিরিবিলিতে এবং প্রকাশ্যভাবে মহান আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য সজাগ ও সতর্ক থাকে। এবং প্রকৃত ইসলাম ধর্মের শিক্ষা মোতাবেক নিজেকে পরিচালিত করে। এই ধর্মের নিষিদ্ধ ও হারাম বিষয়গুলি বর্জন করে। এটাই হলো ইহকাল ও পরকালে সুখময় জীবন লাভের একটি নির্দর্শন।
- ২। প্রকৃত ইসলাম ধর্ম মানুষের জন্য পবিত্র ও হালাল মাল এবং সম্পদ উপার্জন করার সমস্ত পথ খুলে দেওয়ার প্রতি অতি আগ্রহী। তাই সমস্ত বৈধ পন্থায় যেমন, ব্যবসা-বাণিজ্য, কৃষিকর্ম এবং শিল্পের মাধ্যমে মাল উপার্জন করার প্রতি মানুষকে উৎসাহ প্রদান করে। এবং অবৈধ বা হারাম উপায়ে মাল উপার্জন করা অবৈধ ও হারাম ঘোষণা করে। সুতরাং রক্ত বিক্রয় করে তার মূল্য নেওয়া, কুকুর বিক্রি করে তার মূল্য গ্রহণ করা এবং ব্যভিচার অথবা অবৈধ যৌনসম্পর্ক স্থাপন করার মাধ্যমে অথবা সুদ ইত্যাদি লেনদেনের মাধ্যমে সম্পদ বা মাল উপার্জন করা নিষিদ্ধ ঘোষণা করে।
- ৩। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, প্রকৃত ইসলাম ধর্মে শরীরের কোনো অঙ্গে উচ্চি করা এবং জীবজগতের ছবি বা মূর্তি তৈরি করা নিষিদ্ধ ও হারাম কর্ম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারী: আবু জুহাইফাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=30559>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন